# www.priofaridpur.com



**প্রেমাঙ্কুর আতর্থী**

**১৮৯০ সালে**

**ফরিদপুর**

বিশিষ্ট সাংবাদিক ও চিত্রপরিচালক প্রেমাঙ্কুর আতর্থীর জন্ম ১৮৯০ সালের ১লা জানুয়ারী ফরিদপুরে। পিতা মহেশ চন্দ্র আতর্থী কলকাতার বেশ নাম করা লোক ছিলেন।

কলেজ বা বিশ্ববিদ্যালয়ে উচ্চ শিক্ষা লাভ না করলেও নিজ চেষ্টায় দেশ বিদেশের সাহিত্য সাংস্কৃতিক বিষয়ে জ্ঞান অর্জন করেন। স্কুলের ছাত্র থাকাকালীন সময়ে মাত্র ১৩ বছর বয়সে তিনি বাড়ী থেকে পালিয়ে প্রায় ৮/৯ বছর সাড়া ভারত ঘুরে বেড়ান। অবিভক্ত বাংলায় যে কয়েকজন হাস্যরসের সৃষ্টি করে সুনাম অর্জন করেন তিনি তাদের মধ্যে বিশিষ্ট স্থান অধিকার করে আছেন। তিনি যেখানে যেতেন সেখানেই তিনি আসর জমিয়ে বসতেন। তাঁর অদ্ভুত বাচন ভঙ্গি শ্রোতার মনকে সজীব ও সরস করে তুলত । তাই দেখা যায় সকল আসরেই তার সমান গতি। আনারকলি গ্রন্থটি রচনা করেই তিনি খ্যাতি অর্জন করেন। তিনি বেশ কয়েকটি পত্রিকার সম্পাদনা করেন। তিনি অভিনেতা এবং ছায়া চিত্রের পরিচালক হিসেবেও পরিচিত ছিলেন। তিনি প্রথমে লাহোরের একটি চলচিত্র প্রতিষ্ঠানে, পরে কলিকাতার নিউ থিয়েটার্স লিমিটেডে চিত্র পরিচালনার কাজে অংশ নেন। তাঁর কয়েকটি উল্লেখযোগ্য ছায়াচিত্র দেনাপাওনা, কপাল কুন্ডলা, দিকশূল, ভারত কী বেটি, সরলা, সুধার প্রেম ইত্যাদি। তিনি একজন বিশিষ্ট কথা সাহিত্যিক। তাঁর উল্লেখযোগ্য গ্রন্থ আনারকলি, চাষার মেয়ে, বাজীকর ইত্যাদি।

[তথ্য সূত্র: ফরিদপুরের কবি সাহিত্যিক, লেখক-আ.ন.ম আবদুস সোবহান, মনোয়ার হোসেন সম্পাদিত ফরিদপুর গাইড ]।